গাংনীতে চোরা চালান ও আইন শৃংখলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলা চোরাচালান ও আইন শৃংখলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বেলা ১১টার সময় উপজেলা প্রশাসনের সভাকক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা প্রশাসন আয়োজিত ও নির্বাহী কর্মকর্তা দিলারা রহমানের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক,

গাংনী থানার ভার প্রপ্ত কর্মকর্তা ওবাইদুর রহমান, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো: সোহেল আহম্মেদ, তেতুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান জাহাঙ্গীর আলম প্রমুখ।

এ সময় জেলা আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদিকা নুরজাহান বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, কাথুলি ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা,

রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন ছেপু, সাহারবাটি ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক, বামন্দী ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলাম, সন্ধানী স্কুল এন্ড কলেজ এর অধ্যক্ষ মো: হাবিবুর রহমান সহ সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা ব্যবসায়ী সাংবাদিক গণ উপস্থিত ছিলেন।

মেপ্র/ আরপি

গাংনীতে ৪১ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলার উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত

গাংনীতে ৪১ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলার উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয় গতকাল সকাল ১০ টায় উপজেলা পরিষদ চত্বরে।
উপজেলা প্রশাসনের আয়োজনে “জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবেলায় বিজ্ঞান ও প্রযুক্তি” এই শ্লোগানকে সামনে রেখে গাংনীতে ৪১ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা ২০২০ এর উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উক্ত মেলায় সভাপতিত্ব করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম.এ খালেক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চেয়ারম্যান রাশেদুল হক, মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, “ছেলে-মেয়েদের বিজ্ঞান ভীতি দূর করে তাদেরকে দক্ষ হিসেবে গড়ে তোলাই হচ্ছে একজন আদর্শ শিক্ষকের দায়িত্ব এবং এ ব্যাপারে সর্ব প্রথমে শিক্ষকের পাশাপাশি অভিভাবকদের সহযোগিতা অত্যন্ত জরুরী।”

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন গাংনী মহিলা ডিগ্রী কলেজের ভাইস প্রিন্সিপাল নাসিরুদ্দীন, গাংনী সরকারি পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান, গাংনী থানার অফিসার ইনচার্জ ওবাইদুর রহমান, মনিরজ্জামান আতু।

উপস্থিত সকল বক্তারাই বিজ্ঞান ও প্রযুক্তির ব্যবহার বৃদ্ধির জন্য সকলের সচেতনতার উপর গুরুত্ব আরোপ করেন এবং বিজ্ঞান ভীতি কাটিয়ে প্রযুক্তির ব্যবহার করে দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার আহবান জানান।

বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধানগণ এবং ছাত্র-ছাত্রীবৃন্দ উক্ত মেলায় উপস্থিত থেকে মেলাকে প্রাণবন্ত করে তোলেন। দুই দিন ব্যাপী উক্ত মেলায় ১৮ টি বিদ্যালয় তাদের বিজ্ঞান ও প্রযুক্তির সরঞ্জামাদী তৈরী করে সবার সামনে প্রদর্শন করে।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমীক সুপার ভাইজার এম এ আল- মাছুম।

বক্তব্য শেষে অতিথিগণ বিভিন্ন স্টল ঘুরে ঘুরে পরিদর্শন করেন এবং শিক্ষার্থীদের বিজ্ঞান ও প্রযুক্তির সকল আবিস্কার দেখে মুগ্ধ হন।

মেপ্র/ আরপি

সংবাদ প্রকাশের পর বকেয়া বিদ্যুৎ বিলের কিছু টাকা পরিশোধ করলেন ইউএনও

মেহেরপুর প্রতিদিন পত্রিকায় সংবাদ প্রকাশের পর পল্লী বিদ্যুৎ বকেয়া বিলের দুই মাসের বিদ্যুৎ বিল পরিশোধ করলেন উপজেলা নির্বাহি অফিসার।

মেহেরপুর গাংনী উপজেলা জোনাল অফিস পল্লী বিদ্যুৎ জোনাল অফিসের ডিজিএম নিরাপদ দাস দুই মাসের বিল পরিশোধ করেছে বলে জানিয়েছেন।

নিরাপদ আরো জানান গতকাল রবিবার বিকেলে গাংনী উপজেলা পরিষদ থেকে২০১৯ সালের নভেম্বর-ডিসেম্বরের বিল বাবদ ২২ হাজার একটি চেক গ্রহণ করেন।

উল্লেখ্য, গতকাল রবিবারে দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার শিরোনামে উপজেলা গাংনী উপজেলা নিবার্হী অফিসারের কার্যালয় ও গাংনী পৌরসভার ৩০ লাখ টাকা বিদ্যুৎ বিল বকেয়া সংক্রান্ত একটি সংবাদ প্রকাশিত হয়। সংবাদটি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নজরে আসলে তিনি বিল পরিশোধের উদ্যোগ গ্রহণ করেন।

লিচুতলা ব্যাডমিন্টন টুর্নামেন্টে ফাইনাল খেলায় গাংনী ব্যাডমিন্টন ক্লাব জয়ী

মুজিবনগরে ছবিতলা ব্যাডমিন্টন টুর্নামেন্টে ফাইনাল খেলায় মেহেরপুর ব্যাডমিন্টন ক্লাবকে পরাজিত করে গাংনী ব্যাডমিন্টন ক্লাব জয়লাভ করেছে।

রবিবার রাতে লিচুতলা ব্যাডমিন্টন ক্লাবের আয়োজনে এ খেলা অনুষ্ঠিত হয়।

ফাইনাল খেলায় একদিকে মেহেরপুর ব্যাডমিন্টন ক্লাব ও অপরদিকে গাংনী ব্যাডমিন্টন ক্লাব মুখোমুখি হয়।

উক্ত খেলায় মেহেরপুর ব্যাডমিন্টন ক্লাবকে পরাজিত করে গাংনী ব্যাডমিন্টন ক্লাব জয়লাভ করেছে।

খেলায় প্রথম পর্যায়ে মেহেরপুরকে হারিয়ে গাংনী ব্যাডমিন্টন ক্লাব একটি গেমে এগিয়ে আসে। পরবর্তিতে গাংনী ব্যাডমিন্টন ক্লাবকে হারিয়ে মেহেরপুর ব্যাডমিন্টন ক্লাব সমতায় আনে। কিন্তু তৃতীয় খেলায় মেহেরপুর ব্যাডমিন্টন ক্লাবকে আবারো পরাজিত করে গাংনী ব্যাডমিন্টন ক্লাব বিজয় লাভ করে।

এ সময় উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম, মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলু, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ূব হোসেন, দারিয়াপুর ইউপি চেয়ারমান তৌফিকুল বারী বকুল, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব কুমার কুন্ডুসহ উৎসক জনতা শেষ পর্যন্ত খেলাটি উপভোগ করেন।

খেলা শেষে বিজয়ীদের মাঝে পুরষ্কার তুলে দেওয়া হয়।

পুরষ্কার হিসাবে বিজয়ীদেরকে দেওয়া হয় ১০ হাজার টাকা ও রানার্সআপ দলকে দেওয়া হয় ৬ হাজার টাকা।

মেপ্র/ আরপি

গাংনীর পল্লী থেকে ৪শ’২৬ বোতল ফেন্সিডিল সহ দু’মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনী উপজেলার বালিয়াঘাট থেকে ৪শ’২৬ বোতল ফেন্সিডিল সহ দু’জন মাদক ব্যবসায়ীকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

রবিবার সকাল ৭টার দিকে উপজেলার বালিয়াঘাট গ্রামে তাদের ফেন্সিডিল সহ আটক করে।

আটককৃতরা হলো, এ উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের মোল্লা পাড়ার মুজিবর রহমানের ছেলে সুমন (৩২) ও সেন্টার পাড়ার রুহুল আমিনের ছেলে মিন্টু মিয়া (৩১)।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানা যায় সহড়াতলা গ্রাম থেকে কুষ্টিয়ার উদ্দেশ্যে মাদক পাচার করা হচ্ছে।

এমন সংবাদের ভিত্তিতে আমাদের থানার এস আই আঃ হক ও এ এস আই রবিউল ইসলামের নেতৃত্বে সঙ্গীয় ফোর্স নিয়ে তাদের আটক করা হয়। এ সময় তাদের নিকট থেকে ৪শ’২৬ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।

তিনি আরও জানান, আটককৃতদের মাদক মামলায় মেহেরপুর কোর্ট হাজতে প্রেরণ করা হবে।

মেপ্র/এমইএম

আরো পড়ুন: গাংনী ইউএনও কার্যালয় ও পৌরসভার বিদ্যুৎ বিল বাকি ৩০ লাখ টাকা

[redacted]

[redacted]

হিসাব নং-৬৮৪০, বকেয়ার মাস- ২+৫/১৬, ৫/১৮, ১১/১৯ টাকার পরিমাণ ১৮ হাজার ৮৬৫ টাকা। বিভিন্ন সময় বিভিন্ন মাসের গাংনী উপজেলা নির্বাহী অফিসারের দায়িত্বে ব্যাবহৃত মোট বকেয়ার পরিমাণ ১৫ লাখ ৬৩ হাজার ৬৭৮ টাকা।

অপরদিকে গাংনী পৌর সভার এ পর্যন্ত বিদ্যুৎ বিল বকেয়া আছে ১৫ লাখ ৭৯ হাজার ৬৫১ টাকা।

সুত্রে আরো জানায়, মেহেরপুর পল্লীবিদ্যুৎ সমিতির বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের নির্দারিত দর অনুযায়ী বাংলাদেশ বিদ্যুৎ মউন্নয়ন বোর্ডের নিকট থেকে সরাসরি বিদ্যুৎ ক্রয় করে খুচরা পর্যায়ে বিক্রয় করে থাকে। অত্র পবিসকে প্রতি মাসেই ক্রয়কৃত বিদ্যুতের মুল্য নগদে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) কে পরিশোধ করতে হয়। কিন্তু ভোক্তা পর্যায়ে বিক্রয়কৃত অর্থ পাওয়া না গেলে অর্থ ব্যাবস্থাপনায় জটিলতা দেখা দেয়।

অন্যদিকে বিদ্যুৎ বিল সরকারি দাবি বা সরকারি রাজস্ব হিসাবে পাবলিক ডিমান্ড রিকোভারি এক্ট অব ১৯১৩ এর বিধান অনুসারে আদায়যোগ্য হলেও গাংনী জোনাল অফিসের ডিজিএম নাজেহাল হয়ে পড়েছেন।

এব্যাপারে মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির গাংনী জোনাল অফিসের দায়িত্বরত ডিজিএম নিরাপদ দাস জানান, বকেয়া বিল আদায়ের লক্ষে মৌখিক ভাবে বার বার তাগাদাসহ অনুরোধ করা হলেও বকেয়া পরিশোধের কোন উদ্যোগ নিচ্ছেননা উপজেলা নিবাহী অফিসার। তার পরেও বকেয়া বিল পরিশোধের জন্য একাধিকবার লিখিত ভাবে অনুরোধ জানানো হয়।

গাংনী পৌর সভার মেয়র আশরাফুল ইসলাম বলেন আমার সময়ে এক মাসের বিল বকেয়া নেই। বিগত মেয়র থাকা অবস্থায় ৫ বছর বিল না দিয়ে বকেয়া করে গেছেন। যা এখন আমার ঘাড়ে বকেয়া বিলের দায় চেপে বসেছে। তবে আস্তে আস্তে বকেয়া বিল দেয়া হচ্ছে। আশাকরি খুব শিঘ্রই সমন্বয় হয়ে যাবে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও দিলারা রহমান জানান, আমার পরিষদের টাকা বকেয়া নেই। বকেয়া আছে উপজেলা পরিষদের। আমি উপজেলা পরিষদের চেয়ারম্যান মহদ্বয়কে বলেছি বকেয়া বিল পরিশোধের জন্য। সরকারি বরাদ্দে বিদ্যুৎ বিল আলাদা ভাবে বরাদ্দ না থাকায় বিল পরিশোধ করা যাচ্ছেনা। তবে খুব শিঘ্রই বকেয়া বিল পরিশোধ করা হবে।

গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম.এ খালেক জানান, আমি আমার

পরিষদের কোন বকেয়া নেই। আমি নির্বাচিত হয়ে এ পর্যন্ত এক মাসেরও বিল বকেয়া নেই। বিগত চেয়ারম্যান আমলে বকেয়া থাকতে পারে।

মেপ্র/এমইএম

আরো পড়ুন: মোবাইল ছেড়ে পড়া লেখায় মন দাও মানুষের মতো মানুষ হও

মোবাইল ছেড়ে পড়া লেখায় মন দাও মানুষের মতো মানুষ হও

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গড়তে আমাদের অবশ্যই দূর্নীতি মুক্ত হতে হবে। তাই শুধু লেখা পড়া করে একটি চাকুরির মধ্যেই নিজেকে সিমাবদ্ধ না রেখে দেশকে সোনার দেশ গড়ে তুলতে হবে নিজেকে সোনার মানুষ হতে হবে।

শনিবার সকালে মেহেরপুরের গাংনী উপজেলার হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের উর্দ্ধমুখি ভবন উদ্বোধন ও নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এমনটি বলেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি মো: সাহিদুজ্জামান খোকন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে আরও বলেন, এখন তোমাদের স্বর্নালী সময় এ সময়টাকে তোমরা নিজেকে সোনার মানুষ হিসেবে গড়ে তুলে বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার উন্নত সোনার বাংলাদেশ গড়তে গুরুত্ব পূর্ণ ভুমিকা রাখবে।

তাই এখনই তোমাদেরকে অলস বা বাজে কাজে সময় নষ্ট না করে পড়া লেখায় মনোযোগি হতে হবে- মানুষের মতো মানুষ হতে হবে। এ জন্য এখন থেকেই তোমাদেরকে মোবাইল ফোন বাদ দিয়ে লেখা পড়ায় মনোযোগি হতে হবে।

এমপি সাহিদুজ্জামান খোকন বলেন, লেখা পড়া শুধু একটি ভাল চাকুরির জন্যই নয় ভাল মানুষ হিসেবে নিজেকে গড়ে তুলতে হবে তবেই আমার দেশ সত্যিকারের উন্নয়নশীল দেশে পরিণত হবে।

বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি বীর মুক্তিযোদ্ধা দেলোয়ার হোসেন এর সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী থানার ভার প্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবাইদুর রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীল হাবিবুল বাশার, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ গোলাম মোস্তফা, জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মখলেছুর রহমান মুকুল,সাবেক কমান্ডার আমিরুল ইসলাম, সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম ফারুক, হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যলয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান মনি, তেতুলবাড়িয়া ইউপি’র সাবেক চেয়ারম্যান নাজমুল হুদা পঁচু প্রমুখ।

এসময় বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও এলাকার সকল শ্রেনী পেশার লোকজন উপস্থিত ছিলেন।

মেপ্র/ আরপি

আরো পড়ুন: গাংনী ইউএনও কার্যালয় ও পৌরসভার বিদ্যুৎ বিল বাকি ৩০ লাখ টাকা

গাংনীতে উপজেলা ছাত্রলীগে অনুপ্রবেশকারী ও রাজাকারপুত্র কমিটিতে পদ পেয়েছে

মেহেরপুরের গাংনী উপজেলায় নবগঠিত ছাত্রলীগে অনুপ্রবেশকারি মাদকসেবী ও বিএনপি জামাত ও রাজাকারপুত্রদের নিয়ে গঠনকৃত কমিটি বাতিলের দাবীতে সংবাদ সম্মেলন করেছে উপজেলা ছাত্রলীগের পদ বঞ্চিত নেতাকর্মীরা।

বৃহস্পতিবার দুপুরে গাংনী উপজেলার শহিদ মিনার চত্বরে সংবাদ সম্মেলনের আয়োজন করে স্থানীয় বীরমুক্তিযোদ্ধা ও পদ বঞ্চিত উপজেলা ছাত্রলীগ । সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন গাংনী পৌর ছাত্র লীগের সভাপতি ইমরান হাবিব।

সংবাদ সম্মেলনে গাংনীতে বিএনপি জামাত থেকে অনুপ্রবেশকারি এবং

নেতাকর্মীরা আন্দোলন অব্যাহত রাখবেন বলে জানিয়েছেন।

এসময় স্থানীয় বীরমুক্তিযোদ্ধা আব্দুল বারি,আমারত উল্লাহ,মোজাম্মেল হক,নিজামুল হক,তাহাজ উদ্দিন পাতান আলী ও গাংনী উপজেলা ছাত্রলীগের বিভিন্ন পদের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনী উপজেলা ছাত্রলীগের কমিটির বিরুদ্ধে মশাল মিছিল

মেহেরপুরের গাংনী উপজেলা ছাত্রলীগের কমিটির বিরুদ্ধে মশাল মিছিল করেছে ছাত্রলীগের পদবঞ্চিত নেতাকর্মীরা।

বুধবার সন্ধ্যায় পৌর ছাত্রলীগ সাভাপতি ইমরান হাবীব ও কলেজ ছাত্রলীগ সভাপতি হাসিব মাহমুদের নেতৃত্বে গাংনী শহরে প্রতিবাদী মশাল মিছিল করা হয়।

মেহেরপুর জেলা ছাত্রলীগ সভাপতি আব্দুস সালাম বাঁধন ও সাধারণ সম্পাদক মুনতাসির জামান মৃদুল স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে মেয়াদোত্তীর্ণ গাংনী উপজেলা ছাত্রলীগের কমিটি বিলুপ্ত করা হয়।

কলেজ ছাত্রলীগ সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম সেন্টুকে সভাপতি ও ছাত্রলীগ নেতা ফয়সাল জাহান শিশিরকে সাধারণ সম্পাদক মনোনীত করে কমিটি ঘোষণা করেন তারা।

কমিটি বিলুপ্ত ও নতুন কমিটির বিরুদ্ধে মশাল মিছিল গাংনী হাসপাতাল বাজার থেকে মিছিল শুরু করে ছাত্রলীগের নেতাকর্মীরা। মশাল মিছিল বাস স্ট্যান্ড রেজাউল চত্ত্বর ঘুরে গিয়ে সরকারী কলেজ গেটে শেষ হয়।

মেপ্র/এমইএম

গাংনীতে উপকৃত হবে কৃষক সহ লাখো মানুষ

ইজিপিপি প্রকল্পের আওতায় কাজ করছে ১৭০৬ জন অতি-দরিদ্র শ্রমিক। কাজের মান যাচাইয়ে খুশি স্থানীয়রা। উপকৃত হবে উপজেলার কৃষকসহ লাখো মানুষ।

মেহেরপুরের গাংনী উপজেলায় ২০১৯-২০২০ অর্থ বছরে চলমান “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি” (ইজিপিপি) প্রকল্পের আওতায় কর্মসংস্থান পেয়েছে ৩৫০৭ জন অতিদরিদ্র দিনমজুর।

তাদের কজে সাফল্যের মুখ দেখেছে এ কর্মসুচী। এ রকমসুচীর কারনে জেলার উন্নয়নে যোগ হয়েছে নতুন একটি মাত্রা।

মেহেরপুর জেলা কৃষি নির্ভরশীল জেলা। এ জেলায় নেই তেমন কোনো কলকারখানা বা শিল্প প্রতিষ্ঠান। কৃষি কাজই জেলার মানুষের এক মাত্র কর্ম সংস্থানের মাধ্যম। জেলার অধিকাংশ কৃষকই দারীদ্র সীমার মধ্যে দিনযাপন করেন।

সাধারণত ডিসেম্বর থেকে ফেব্রুয়ারী পর্যন্ত জেলার দরিদ্র মানুষেরা কাজের অভাবে বাড়িতে অলস সময় কাটান। এই সময়ে কাজের অভাবে তারা অনাহারে-অর্ধাহারে দিনাতিপাত করে।

তাছাড়া জীবন চালাতে বিভিন্ন এনজিও সংস্থার কাছে কিস্তির টাকায় নাজেহাল হয়ে পড়েন। তাই এই দরিদ্র মানুষেরা যাতে কাজ করে জীবিকা নির্বাহ করতে পারে।

সে জন্য বিশ্বব্যাংক চালু করেছে “অতিদরিদ্রদের জন্য কর্মসূচি” (ইজিপিপি)। এ কর্মসূচি বাস্তবায়ন করছে স্ব-স্ব উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস।
গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস সূত্রে জানা গেছে, ২০১৯-২০২০ অর্থ বছরে এই প্রকল্পের জন্য মেহেরপুর জেলায় ১৭০৬ জন উপকারভোগীর বরাদ্দ পেয়েছে।

অনলাইন এনরোলমেন্ট প্রসেসের মাধ্যমে প্রতিটি ইউনিয়নে বিধি মোতাবেক প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করে গাংনীতে ৪৫ টি প্রকল্পে কাজ চলমান রয়েছে। প্রকল্পে শতভাগ শ্রমিক উপস্থিতি ও

কাজের মানও সন্তোষ জনক বলে জানিয়েছেন প্রান্তিক পর্যায়ের উপকারভোগী স্থানীয় ব্যাক্তিবর্গ।

বিভিন্ন ইউনিয়ন ঘুরে দেখা গেছে, গৃহীত প্রকল্পের শ্রমিকেরা স্বতস্ফূর্তভাবে কাজ করছেন।

সংশ্লিষ্ট এলাকাবাসী, শ্রমিক সরদার ও শ্রমিকের সঙ্গে কথা বলে কোনো ধরনের অভিযোগ নেই তাদের।

প্রথম পর্যায়ে হঠাৎ তীব্র শীতের কারনে কয়েকজন শ্রমিক অসুস্থ্য হয়ে পড়লে চিকিৎসা জনীত কারনে তাদের ছুটি নিতে হয়। তবুও কাজের সাইডে বদলি শ্রমিক দিয়ে কাজ করিয়ে নেয় কাজে নিয়োজিত ট্যাগ অফিসার।

পরবর্তীতে প্রায় শতভাগ শ্রমিকের উপস্থিতি থাকে বলে জানান স্থানীয়রা। বিভিন্ন এলাকাঘুরে দেখা গেছে শ্রমিকদের উপস্থিতি প্রায় শতভাগ রয়েছে।

গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়নের ৬ নং ওর্য়ার্ডের শ্রমিক সর্দার ইয়াকুব আলী জানান, তার দলে যে সকল শ্রমিকেরা কাজ করেন তাদের সকলেই অতিদরিদ্র।

এ কর্মসুচীর কারনে কোনরকম জীবন ধারন করছেন তেরাইল গ্রামের বাছিরন নেছা কর্মস্থলে এ প্রতিবেদককে জানান, তাদের প্রতিদিনের মজুরি নিজ নামে একাউন্টে জমা হয়। তারা নিজেরাই তাদের ব্যাংক একাউন্ট থেকে টাকা উত্তোলন করেন।

শ্রমিক রফিকুল ইসলাম বলেন, আমাদের এ প্রকল্পের আওতায় অনেক বয়ষ্ক মানুষ কাজ করে। যারা কাজ করে তারা আন›দের সাথেই কাজ করে। যার ফলে কাজের গুনগত মান শতভাগ নিশ্চিত করার চেষ্টা করছি।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী জানান, চলতি অর্থ বছরে চলমান কাজে স্বচ্ছতা আনার জন্য তাঁরা কঠোর অবস্থান গ্রহণ করেছেন।
উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের পাশাপাশি উপজেলা নির্বাহী অফিসার, বিভিন্ন দপ্তরের ট্যাগ অফিসার ও জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ কাজে নজরদারি করছেন।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের উপ-সহকারি প্রকৌশলী জাকির হোসেন জানান, গত ১৬-১৭ অর্থ বছরে বিভিন্ন প্রকল্পে অনিয়ম

পরিলক্ষিত হওয়ায় শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে প্রায় ১১ লক্ষ টাকা ফেরত দেয়া হয়েছে।

এবছর শতভাগ কাজ ও শ্রমিকের উপস্থিতি নিশ্চিত করা হচ্ছে। কোন কারনে যারা কাজে যোগদান করতে পারছেন না তাদের হাজিরা তোলা হচ্ছেনা।

উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান জানান, ‘আমি নিজে বিভিন্ন সময়ে অতিদরিদ্রদের জন্য কর্মসূচি পরিদর্শন করেছি এবং চলমান কাজে সচ্ছতা আছে। বর্তমানে শ্রমিকের উপস্থিতে তিনি সন্তোষ প্রকাশ করেন। এ ভাবে কাজ চলমান থাকলে প্রকল্প শতভাগ পুরন করা সম্ভব হবে বলেও তিনি আশা ব্যাক্ত করেন।

মেপ্র/ আর পি